

প্রতিশ্রুতি স্কুল এন্ড কলেজ

শ্রেণি : চতুর্থ

অনুশীলন: ১৮

তারিখ: ১৯/৭/২০২০

বাংলা

নিচের অনুচ্ছেদটি পড়ে ১ ও ২ ক্রমিক প্রশ্নের উত্তর দাও:

ফেব্রুয়ারি মাস। হাঁড়কাঁপানো শীত। গত সপ্তাহে তুহিন ও তার বন্ধুরা শিক্ষাসফরে গিয়েছিল রাজশাহী জেলার বরেন্দ্র জাদুঘরে। রকী বিশ্বয়কর সে নিদর্শন! বাস থেকে নেমে প্রথমেই চোখে পড়ে দারুন কারুকাজ করা প্রবেশপথ। অভূতপূর্ব এর স্থাপত্যশৈলী। কী সূক্ষ্ম তার দৃষ্টিনন্দন কারুকাজ! ভিতরে তুকে একের পর এক চোখে পড়ে ইতিহাসের অনেক নিদর্শন। কাঠের তৈরি জিনিসপত্র, মুখোশ, মৃৎপাত্র, ধাতব পাত্র, মাটির পুতুল, অলংকার, জামদানি শাড়ি ইত্যাদি দেখে বিস্মিত হয় শিক্ষার্থীরা। একসময় ঘুরতে ঘুরতে তারা আবহমান বাংলার রূপ দেখে মুগ্ধ হয়ে যায়। আনোয়ার স্যার তাদের বলেন, এখানে ভাস্কর্য, খোদিত লিপি, পান্ডুলিপি ও প্রাচীন মুদ্রার মূল্যবান সংগ্রহ রয়েছে। এ জাদুঘরের ভেতরে একবার ঢুকলে আর বের হতে ইচ্ছা করে না।

১। নিচে কয়েকটি শব্দ ও শব্দার্থ দেওয়া হলো। নিচের বাক্যগুলোর শূন্যস্থানে উপযুক্ত শব্দটি উত্তর পত্রে লেখ:

শব্দ	শব্দার্থ
ভাস্কর্য	প্রস্তরাদি খোদাই করা মূর্তি
মৃৎপাত্র	মাটির তৈরি জিনিস
অভূতপূর্ব	যা পূর্বে দেখা যাইনি
মুগ্ধ	বিভোর
সূক্ষ্ম	নিপুণ
নিদর্শন	দৃষ্টান্ত

- ক. শিল্পীদের কারুকাজ দেখে আমি ----- হলাম।
খ. মৃগাল হকের----- দেখে সবাই মুগ্ধ হয়।
গ. বাবা বাজার থেকে ----- কিনে আনলেন।
ঘ. আগের শিল্পীদের কারুকাজ ছিল খুবই -----।
ঙ. জাদুঘরে ঐতিহাসিক ----- পাওয়া যায়।

২. নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ:

- ক. শিক্ষার্থীরা আবহমান বাংলার রূপ দেখে মুগ্ধ হয় কেন?
খ. বরেন্দ্র জাদুঘরের নিদর্শন দেখে শিক্ষার্থীরা বিস্মিত হয় কেন?
গ. তুহিন ও তার বন্ধুরা শিক্ষকদের সাথে শিক্ষাসফরে কোথায় গিয়েছিল? সেখানে তারা কী কী দেখল?

৩. এককথায় প্রকাশ কর:

বেড়ানো বা ঘোরাফেরা করার যে জায়গা
গাছের বংশবিস্তার প্রক্রিয়া জনমানুষ নেই যেখানে
দু-দিকের মত সমতা বজায় রাখা
কোকিলের ডাক যেখানে লোকজনের বসবাস আছে
বস্ত্রের প্রান্তভাগ জোনাকি পোকা
পা দিয়ে পিষে যাওয়া মাটির উপর জন্মানো ছোট চাঁপা ফুল

৪। অনুচ্ছেদ (পাঠ্যবই/ সমমানের) পরে নির্দেশনা অনুযায়ী প্রশ্ন

তৈরিকরণ: (৫ টি)-

সোনারগাঁ লোকশিল্প জাদুঘরের প্রতিষ্ঠাতা শিল্পী জয়নুল আবেদিন। তাঁর সংগ্রহশালায় গিয়ে আরও মুগ্ধ সবাই। তিনি ছিলেন অনেক বড় শিল্পী। সূর্য তখন পশ্চিমে ঢলে পরেছে। এবার ঐতিহাসিক সোনারগাঁও থেকে আমাদের ফেরার পালা। বাসের জানালা দিয়ে অস্তগামী সূর্যের ছবি দেখতে দেখতে ফিরে এলাম ঢাকা। এ স্মৃতি আমাদের মনে গাঁথা থাকবে অনেক দিন।

বাংলাদেশ ও বিশ্ব পরিচয়

১। কাঠামোবদ্ধ প্রশ্নের উত্তর দাও:

১. বিদ্যুৎ কোন ধরনের সম্পদ? আমরা কী কী কাজে বিদ্যুৎ ব্যবহার করি? ৫ টি বাক্যে লেখ।
২. তুমি প্রতিদিন বিদ্যালয়ে ব্যবহার কর একরূপ একটি রাষ্ট্রীয় সম্পদের নাম লেখ। এই সম্পদটি সম্পর্কে পাঁচটি বাক্য লেখ।